DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 16 Aug 2026, 12:27 AM

সারাদেশ

# প্রধান শিক্ষকের অনিয়ম-অনৈতিক কর্মকাণ্ডের বিরুদ্ধে সংবাদ সম্মেলন

প্রতিবেদক: পটুয়াখালী প্রতিনিধি
প্রকাশের তারিখ: মঙ্গলবার, ১১ আগস্ট ২০২৬, ০৫:১১ PM




ছবি পটুয়াখালী প্রতিনিধি

পটুয়াখালীর কলাপাড়া ডালবুগঞ্জ ইউনিয়নের ১০৭ নম্বর বরকোতিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক মো. কামরুল হাসান ওরফে লিটন মৃধার বিরুদ্ধে বিভিন্ন অনিয়ম ও অনৈতিক কর্মকাণ্ডের অভিযোগ তুলে সংবাদ সম্মেলন করা হয়েছে।

মঙ্গলবার (১১ জুলাই) বেলা ১১টায় কলাপাড়া উপজেলা প্রেসক্লাবের হলরুমে এ সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়। এতে লিখিত বক্তব্য পাঠ করেন মহিপুর সদর থানার বাসিন্দা মো. শহিদুল ইসলাম।

লিখিত বক্তব্যে শহিদুল ইসলাম অভিযোগ করেন, মো. কামরুল হাসান ওরফে লিটন মৃধা দীর্ঘ ১৫-১৬ বছর ধরে ওই বিদ্যালয়ে কর্মরত রয়েছেন। এ সময়ে তিনি বিভিন্ন অনিয়ম ও অপকর্মে জড়িত বলে অভিযোগ করেন তিনি। বিদ্যালয়ের পরিচালনা পর্ষদে তার আত্মীয়স্বজন থাকায় এসব অনিয়মের বিরুদ্ধে কার্যকর ব্যবস্থা নেওয়া হচ্ছে না বলেও দাবি করেন শহিদুল।

তিনি আরও অভিযোগ করেন, বিদ্যালয়ের পরিত্যক্ত ইট ও রড নিজের বাড়ির উন্নয়নকাজে ব্যবহার করেছেন ওই শিক্ষক। নিয়মিত বিদ্যালয়ে পাঠদান না করে এলাকায় সালিশ-বাণিজ্য এবং অন্যের জমি দখলের মতো কর্মকাণ্ডে জড়িত থাকারও অভিযোগ করা হয় তার বিরুদ্ধে।

এ ছাড়া ব্যক্তিগত নানা অনৈতিক কর্মকাণ্ডের অভিযোগও সংবাদ সম্মেলনে তুলে ধরেন শহিদুল ইসলাম। তার দাবি, গত ২৪ আগস্টের পর কামরুল হাসানের কথিত ক্যাডার বাহিনী দিয়ে তার কাছ থেকে নগদ ৩ লাখ ২০ হাজার টাকা ছিনিয়ে নেওয়া হয়েছে। এ ঘটনায় এবং অন্যান্য অভিযোগে তার বিরুদ্ধে আদালতে ১১৫/২০২৫ ও সিআর-১৫৩০/২০২৪ এবং নন-জিআর ৫৯/২০২৫ নম্বর মামলা চলমান রয়েছে বলেও দাবি করেন তিনি।

শহিদুল ইসলামের অভিযোগ, ব্যক্তিগত কাজে বিদ্যালয়ে অনুপস্থিত থাকলেও পরদিন হাজিরা খাতায় স্বাক্ষর করেন ওই শিক্ষক। এসব অনিয়মের বিষয়ে উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করা হলেও কোনো কার্যকর ব্যবস্থা নেওয়া হয়নি বলেও তিনি দাবি করেন।

তিনি বলেন, বিষয়টি নিয়ে কলাপাড়া উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা শাহিদা বেগমের কাছে অবগত করা হলে তিনি ব্যবস্থা নিতে পারবেন না বলে তাকে নিরুৎসাহিত করেন। এ সময় অভিযুক্ত শিক্ষকের বিরুদ্ধে তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে উর্ধ্বতন কর্তৃপক্ষের প্রতি জোর দাবি জানান তিনি।

তবে এসব অভিযোগ অস্বীকার করেছেন অভিযুক্ত সহকারী প্রধান শিক্ষক মো. কামরুল হাসান। তিনি বলেন, “আমার বিরুদ্ধে আদালতে মামলা চলমান রয়েছে। আদালত যে রায় দেবেন, আমি তা মাথা পেতে নেব। তবে আমার বিরুদ্ধে যে অভিযোগ তোলা হয়েছে, তা সম্পূর্ণ ভিত্তিহীন।”

এ বিষয়ে কলাপাড়া উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা শাহিদা বেগম বলেন, “বিষয়টি নিয়ে জেলা শিক্ষা অফিসে অভিযোগ দেওয়া হয়েছে। এ ব্যাপারে আমাদের কোনো কিছু করার নেই।”

---


## এ বিভাগের আরও খবর



**চাঁদার ৫০ হাজার টাকা না দেওয়ায় ব্যবসায়ীকে হাতুড়িপেটার অভিযোগ**

নওগাঁর মান্দায় ৫০ হাজার টাকা চাঁদা না দেওয়ায় এক ব্যবসায়ীকে হাতুড়ি ও লোহার রড দিয়ে মারধরের অভিযোগ উঠেছে। বৃহস্পতিবার (১৩ আগস্ট) বেলা ১১টার দি...




### মসজিদের ভেতরে মুসল্লিকে হাঁসুয়া দিয়ে কুপিয়ে জখম

নওগাঁর মান্দায় মসজিদের ভেতরে ঢুকে মামুনুর রশিদ মামুন (৩৮) নামের এক মুসল্লিকে হাঁসুয়া দিয়ে কুপিয়ে জখম করার অভিযোগ উঠেছে। শনিবার (১৫ আগস্ট) ভো...




### শোক দিবসে খিচুড়ি রান্নার সময় ইউপি চেয়ারম্যানসহ ২ জন গ্রেপ্তার

কুষ্টিয়ার ভেড়ামারায় শোক দিবস উপলক্ষে খিচুড়ি রান্নার সময় ইউনিয়ন পরিষদের (ইউপি) চেয়ারম্যানসহ দুই ভাইকে গ্রেপ্তার করেছেন পুলিশ। শনিবার (১৫...



### ক্যাশলেস সোসাইটি বিনির্মাণে ব্রাহ্মণবাড়িয়ায় রূপালী ব্যাংকের রোড শো

ক্যাশলেস সোসাইটি বিনির্মাণে জনসচেতনতা তৈরির লক্ষ্যে ব্রাহ্মণবাড়িয়ায় রূপালী ব্যাংকের উদ্যোগে সচেতনতামূলক রোড শো অনুষ্ঠিত হয়েছে।শনিবার (১৫ আগস...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/saradesh/prdhan-shikshker-oniym-onoitik-krmkander-biruddhe-sngbad-smmeln